৯৭

ভোরের কাগজ

তারিখ APR 11 1999
পৃষ্ঠা 2 কলাম 2

# বিশ্ববিদ্যালয়ের হলগুলো মাদক ব্যবসায়ীদের নিরাপদ আশ্রয়স্থল

—ছাত্রদল

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : জাতীয়তাবাদী ছাত্রদল নেতৃবৃন্দ বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে ছাত্রদলের মেধাবী ছাত্ররা থাকতে পারে না। অথচ বহিরাগত সন্ত্রাসী ও মাদক ব্যবাসয়ীরা নিরাপদে অবস্থান করছে।

উপাচার্যের দপ্তরের সামনে গতকাল শনিবার মনির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তারা এ কথা বলেন। সমাবেশে বক্তব্য রাখেন সংগঠনের সাধারণ সম্পাদক নাসিরউদ্দিন পিন্টু, মনোয়ার হোসেন রানা, মুস্তাফিজুর রহমান মামুন প্রমুখ।